গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯১.২০১৬-528 তারিখঃ 31.০৮.২০১৬খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ শাহ মোঃ ফয়সাল এসকান্দার (১০৯৭০২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ১৫.০৫.২০১২খ্রিঃ তারিখ হতে ০১.০৫.২০১৬খ্রিঃ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১২.০৭.২০১৬ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৬.২০১৬-৫২১নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২৩.০৮.২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, এমএস দ্বিতীয় ও তৃতীয় পর্বে অধ্যয়নের লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা এর অধীনে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসাবে কর্মরত ছিলেন। বিভিন্ন পারিবারিক ব্যক্তিগত সমস্যা ও দাম্পত্য অসংগতির কারণে তিনি মানসিক ও শারীরিকভাবে বিপর্যস্থ হয়ে পড়েন। যার ফলশ্রুতিতে ১৫.০৫.২০১২ তারিখ হতে তিনি চাকুরিতে ক্ষেত্রে অনিয়মিত হন। উদ্ভুত পরিরিস্থিতি তার অনিচ্ছাকৃত ও নিয়ন্ত্রণের বাহিরে ছিল, যা তাকে মানসিক, শারীরিক ও সামাজিকভাবে বিপর্যস্ত করে তুলেছিল। পরবর্তীতে তিনি চিকিৎসকের স্মরণাপন্ন হন ও দীর্ঘদিন চিকিৎসা গ্রহণপূর্বক বর্তমানে সম্পুর্ন সুস্থতা লাভ করেছেন। বর্তমানে চাকুরীর সকল আচরণ বিধিবিধান সঠিকভাবে মেনে চাকুরীতে নিয়মিত হতে তিনি বদ্ধ পরিকর এবং অনাকাঙ্খিত পরিস্থিতির জন্য তিনি লজ্জিত এবং ক্ষমাপ্রার্থী;

এক্ষণে, সেহেতু, ডাঃ শাহ মোঃ ফয়সাল এসকান্দার (১০৯৭০২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(ই) বিধি মোতাবেক আগামী ০১(এক) বছরের জন্য তাঁকে বর্তমানে প্রাপ্য তাঁর বেতন স্কেলের সর্বনিম্নধাপে অবনমিত করার শাস্তি আরোপ করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। এই স্থগিতজনিত বেতন তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। তাঁর ১৫.০৫.২০১২খ্রিঃ তারিখ হতে ০১.০৫.২০১৬ তারিখ পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

৩১/০৮/২০১৬
(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

উপপরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯১.২০১৬-528/1(8) তারিখঃ 31.০৮.২০১৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৪। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। ডাঃ শাহ মোঃ ফয়সাল এসকান্দার (১০৯৭০২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (স্থায়ী ঠিকানাঃ-ঠিকানাঃ-পিতা-শাহ মোঃ এসকান্দর, শাহমহল, ৪৪৯/সি, খিলগাঁও, ঢাকা-১২১৯)।

31/08/2016
(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৭.২০১৫- ৮২৫ তারিখঃ ৩১.০৮.২০১৬খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ আবু তাহের মোঃ নুরুন্নবী শাহ (৪০১১৪), সহকারী অধ্যাপক, কার্ডিওলজি, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত-আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালী বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২৭.০৫.২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৭.২০১৫-২৯০নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে বিভাগীয় মামলায় তাঁকে কেন 'চাকুরি হতে বরখাস্ত' করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার ২য় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২৩.০৮.২০১৫খ্রিঃ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ আবু তাহের মোঃ নুরুন্নবী শাহ (৪০১১৪), সহকারী অধ্যাপক, কার্ডিওলজি, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত-আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাঁকে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

৩১/০৮/২০১৬

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৭.২০১৫-৮২৫/১(৮) তারিখঃ ৩১.০৮.২০১৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তাঁকে অবিলম্বে উপযুক্ত পদে পদায়নের জন অনুরোধ করা হল)।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। অধ্যক্ষ, আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালী।
৪। উপসচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। ডাঃ আবু তাহের মোঃ নুরুন্নবী শাহ (৪০১১৪), সহকারী অধ্যাপক, কার্ডিওলজি, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত-আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালী।

৩১/০৮/২০১৬

(আসমা তাসকিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document (Current-2015-16)\Order (NI)\Realease from Charge doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৭.২০১৩- ৬২৬ তারিখঃ ৩০.০৮.২০১৬ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ মুহাম্মদ শাহীনুর রহমান (১১১৬৫৪), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মেলান্দহ, জামালপুর গত ১৬.০৬.২০১৩খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি), ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২৫.১১.২০১৩ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৭.২০১৩-৯৭৬নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক আনীত অভিযোগ প্রমাণিত মর্মে প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে বিভাগীয় মামলায় তাঁকে কেন 'চাকুরি হতে বরখাস্ত' করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার ২য় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২৩.০৮.২০১৬খ্রিঃ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ মুহাম্মদ শাহীনুর রহমান (১১১৬৫৪), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মেলান্দহ, জামালপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন, ২য় কারণ দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানীকালে প্রদত্ত বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(ই) বিধি মোতাবেক আগামী ০১(এক) বছরের জন্য তাঁকে বর্তমানে প্রাপ্য তাঁর বেতন স্কেলের সর্বনিম্নধাপে অবনমিত করার শাস্তি আরোপ করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। এই স্থগিতজনিত বেতন তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। তাঁর ১৬.০৯.২০১৩খ্রিঃ তারিখ হতে পুনরায় কর্মস্থলে যোগদানের পূর্বদিন পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

উপপরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৭.২০১৩- ৬২৬ তারিখঃ .০৮.২০১৬ খ্রিস্টাব্দ

<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ</u>

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। সিভিল সার্জন, জামালপুর।
৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মেলান্দহ, জামালপুর।
১০। ডাঃ মুহাম্মদ শাহীনুর রহমান (১১১৬৫৪), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মেলান্দহ, জামালপুর (স্থায়ী ঠিকানাঃ- পিতা-মোফাজ্জল হোসেন, গ্রাম+ডাকঘরঃ-হরিপুর-২০১০, থানাঃ-মেলান্দহ, জেলা-জামালপুর)।

(আসমা তাসকিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd